কৃষিই সমৃদ্ধি

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
বীজ উইং, কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
www.moa.gov.bd

**স্মারক নং-১২.০৯৭.০০৬.০২.০০.১২৮.২০১৪-০০৯** **তারিখ ঃ ০৭-০১-২০১৫ খ্রিঃ**

**বিষয় ঃ জাতীয় বীজ বোর্ড (এনএসবি) এর ৮৪তম সভার কার্যবিবরণী প্রেরণ।**

গত ০৫-০১-২০১৫ খ্রিঃ তারিখে কৃষি সচিব ও জাতীয় বীজ বোর্ডের সভাপতি ড. এস এম নাজমুল ইসলাম মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত জাতীয় বীজ বোর্ড (এনএসবি) এর ৮৪তম সভার কার্যবিবরণী অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি ঃ ক) ৮৪তম সভার কার্যবিবরণী (কার্যপত্র মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশসহ সংশ্লিষ্ট ই-মেইলে প্রেরণ করা হয়েছে)।
খ) উপস্থিতির তালিকা 'পরিশিষ্ট ঃ ক'।

০৭/১/১৫

(মোঃ আজিম উদ্দিন)
প্রধান বীজতত্ত্ববিদ
ফোন/ফ্যাক্স ঃ ৯৫৪০২৩৮
E-mail: azimseed@gmail.com

**কার্যার্থে বিতরণ** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

০১। উপাচার্য, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ -২২০০
০২। চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০
০৩। নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি, ফার্মগেট, ঢাকা-১২১৫
০৪। যুগ্ম সচিব (ব্যয় নিয়ন্ত্রণ ও পরিদর্শন), অর্থ বিভাগ (কক্ষ নং-৩১৬), অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫। সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বিএডিসি, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০
০৬। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা -১২১৫
০৭। মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর-১৭০১
০৮। মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর-১৭০১
০৯। মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনষ্টিটিউট, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
১০। মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনষ্টিটিউট, ময়মনসিংহ-২২০০
১১। মহাপরিচালক, বাংলাদেশ ইক্ষু গ বেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদি, পাবনা-৬৬২০
১২। নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫
১৩। পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর-১৭০১
১৪। পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ফার্মগেট, ঢাকা-১২১৫
১৫। পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, ডিএই, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫
১৬। মহাব্যবস্থাপক (বীজ), বিএডিসি, কৃষিভবন, ঢাকা
১৭। সভাপতি, বাংলাদেশ সীড এসোসিয়েশন ও চেয়ারম্যান, এসিআই লিঃ, এসিআই সেন্টার, ২৪৫ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
১৮। প্রফেসর ড. মঈনুল হক, বিভাগীয় প্রধান, সীড সায়েন্স এন্ড টেকনোলজি বিভাগ, বশেমুরকৃবি, গাজীপুর
১৯। ব্যবস্থাপনা পরিচালক, গোল্ডেন বার্ণ কিংডম (জিবিকে), পান্থপথ, ঢাকা
২০। ব্যবস্থাপনা পরিচালক, পেট্রোকেম এগ্রো ইন্ডাস্ট্রিজ লিঃ, উত্তরা, ঢাকা
২১। ব্যবস্থাপনা পরিচালক, লাল তীর সীড লিঃ, এ্যাংকর টাওয়ার, সোনারগাওঁ রোড, ঢাকা
২২। ব্যবস্থাপনা পরিচালক, বায়ার ক্রপ সাইন্স লিঃ, সেক্টর # ৩, রবিন্দ্র স্মরণি, উত্তরা, ঢাকা।

**অবগতি ও সদয় কার্যার্থে অনুলিপি ঃ**

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। প্রোগ্রামার, আইসিটি শাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(কার্যপত্র মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।**
০৩। মহাপরিচালক, বীজ উইং মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ) ও সভাপতি, সীড প্রমোশন কমিটি মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
০৫। অফিস কপি/মাস্টার ফাইল।

E:\Meeting Minutes\Meeting Minutes Letter.doc

## জাতীয় বীজ বোর্ড (এনএসবি) এর ৮৪তম সভার কার্যবিবরণী

**সভাপতি** ঃ ড. এস এম নাজমুল ইসলাম

**সভার তারিখ** ঃ ০৫ জানুয়ারি, ২০১৫ খ্রিঃ

**উপস্থিতি** ঃ পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য ।

জাতীয় বীজ বোর্ডের (এনএসবি) সভাপতি ও কৃষি সচিব ড. এস এম নাজমুল ইসলাম এর সভাপতিত্বে গত ০৫/০১/২০১৫ খ্রিঃ তারিখ বেলা ০২.০০ ঘটিকায় জাতীয় বীজ বোর্ডের ৮৪তম সভা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয় । সভায় উপস্থিতির তালিকা **পরিশিষ্ট-ক-তে** দেখানো হলো ।

**আলোচ্যসূচী-১ ঃ বিগত ২০/০৮/২০১৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত জাতীয় বীজ বোর্ডের ৮২তম সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ ।**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং জাতীয় বীজ বোর্ডের সদস্য-সচিব ও মহাপরিচালক, বীজ উইং-কে ৮৩তম সভার কার্যপত্রানুযায়ী আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য অনুরোধ করেন । জনাব আনোয়ার ফারুক, সদস্য-সচিব, জাতীয় বীজ বোর্ড এবং অতিরিক্ত সচিব, মহাপরিচালক, বীজ উইং, কৃষি মন্ত্রণালয় সভাকে জানান জাতীয় বীজ বোর্ডের ৮৩তম সভা গত ২০/১১/২০১৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয় । উক্ত সভার কার্যবিবরণী গত ২৫/১১/২০১৪ তারিখ ১২.০৯৭.০০৬.০২.০০.১২৮.২০১৪-৪৪২ সংখ্যক স্মারকের মাধ্যমে বোর্ডের সকল সদস্যগণের নিকট প্রেরণ করা হয় । অদ্যাবধি এ ব্যাপারে কারো কোনো মতামত পাওয়া যায়নি বিধায় উক্ত সভার কার্যবিবরণী নিশ্চিত করা যেতে পারে ।

**সিদ্ধান্ত ঃ জাতীয় বীজ বোর্ডের ৮৩তম সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো ।**

**আলোচ্যসূচী-২** ঃ বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) কর্তৃক আমদানীকৃত হাইব্রিড ধানের জাত জাত নিবন্ধন :

**আলোচনা** ঃ জাতীয় বীজ বোর্ডের সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, আমন/২০১৪-১৫ মৌসুমে হাইব্রিড ধানের ট্রায়ালকৃত অনষ্টেশন ও অনফার্ম উভয় ক্ষেত্রে চেকজাত থেকে দুই বছরের গড় ফলন একের অধিক স্থানে Heterosis ২০% বা তার বেশি হওয়া সাপেক্ষে নিম্নবর্ণিত জাতটিকে সাময়িক ও শর্তসাপেক্ষে আমন মৌসুমে চাষাবাদের নিমিত্তে নিবন্ধনের জন্য কারিগরি কমিটি বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) এর জাত WIN-207 (চীন থেকে আমদানীকৃত) বিএডিসি হাইব্রিড ধান-২ (WIN-207) হিসেবে আমন মৌসুমে যশোর ও রাজশাহী অঞ্চলে নিবন্ধনের জন্য সুপারিশ করেছে । সভায় জনাব মো: আজিম উদ্দিন, প্রধান বীজতত্ত্ববিদ, কৃষি মন্ত্রণালয় বলেন যে, ফিলিপাইনের SL-8H নামক হাইব্রিড ধান বিএডিসির মাধ্যমে উৎপাদন ও বাজারজাতকরণের জন্য ২০০৮ সালে নিবন্ধন করা হয় । বিএডিসির নামের সাথে মিল রেখে SL-8H নামক হাইব্রিড ধানটির নাম বিএডিসি হাইব্রিড ধান-১ (SL-8H) হিসেবে পুন:নামকরণের জন্য বিএডিসির আবেদন পাওয়া গেছে । এপ্রসংগে জাতীয় বীজ বোর্ডের সভাপতি বলেন যে, ফিলিপাইনের SL এগ্রিটেক কর্পোরেশনের সাথে বিএডিসির মধ্যকার বীজ উৎপাদন ও বাজারজাতকরণ সংক্রান্ত যে চুক্তিনামা হয়েছে সেখানে নাম পরিবর্তনের ক্ষেত্রে কোন শর্ত আছে কিনা তা যাচাই করতে হবে এবং SL এগ্রিটেক কর্পোরেশনের অনাপত্তি নিয়ে পুন:নামকরণের ব্যবস্থা নেয়া যেতে পারে ।

সিদ্ধান্ত ঃ

(ক) আমন/২০১৪-১৫ মৌসুমে হাইব্রিড ধানের ট্রায়ালকৃত অনষ্টেশন ও অনফার্ম উভয় ক্ষেত্রে চেকজাত থেকে দুই বছরের গড় ফলন একের অধিক স্থানে Heterosis 20% এর অধিক হওয়ায় বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) এর চীন থেকে আমদানীকৃত WIN-207 জাতটি বিএডিসি হাইব্রিড ধান-২ (WIN-207) হিসেবে আমন মৌসুমে যশোর ও রাজশাহী অঞ্চলে সাময়িকভাবে ও শর্তসাপেক্ষে চাষাবাদের জন্য নিবন্ধনের অনুমোদন দেয়া হলো ।

(খ) ফিলিপাইনের SL এগ্রিটেক কর্পোরেশনের অনাপত্তি গ্রহণ করে SL-8H নামক হাইব্রিড ধানটির নাম বিএডিসি হাইব্রিড ধান-১ (SL-8H) নামে পুনঃনামকরণ করা যেতে পারে ।

**আলোচ্যসূচী-৩ ঃ** বায়ার ক্রপ সায়েন্স এর পুনঃ ট্রায়ালকৃত হাইব্রিড ধানের ০১ টি জাত নিবন্ধন।

**আলোচনা ঃ** জাতীয় বীজ বোর্ডের সদস্য সচিব ও মহাপরিচালক, বীজ উইং, কৃষি মন্ত্রণালয় সভাকে জানান যে, জাতীয় বীজ বোর্ডের ৭০ তম সভার সিদ্ধান্ত অনুসারে পুনঃ ট্রায়ালের ক্ষেত্রে হাইব্রিড ধানের ট্রায়ালকৃত জাতগুলি অনষ্টেশন ও অনফার্ম উভয় ক্ষেত্রে দুই বছরের গড় ফলন বিবেচনায় এনে চেক জাত থেকে **Heterosis** ২০% বা তার বেশী হওয়ায় বায়ার ক্রপ সায়েন্স এর আমদানীকৃত অ্যারাইজ ধানী গোল্ড (বায়ার হাইব্রিড ধান- ৪), পুন:ট্রায়ালকৃত জাতটি (উৎস-ভারত) চট্টগ্রাম অঞ্চলে নিবন্ধনের জন্য কারিগরী কমিটি সুপারিশ করেছে। উল্লেখ্য যে, এ জাতটি ইতোপূর্বে ময়মনসিংহ, যশোর ও রাজশাহী অঞ্চলে সাময়িকভাবে নিবন্ধন করা হয়েছিল বিধায় বায়ার হাইব্রিড ধান-৪ জাতটি বাংলাদেশের সকল অঞ্চলে সাময়িক ও শর্ত সাপেক্ষে আমন মৌসুমে চাষাবাদের নিমিত্তে নিবন্ধন করার জন্য সভায় আলোচনা হয়।

সভার সভাপতি বলেন, কৃষক যাতে প্রতারিত হতে না পারে সেজন্য বাজারজাতকরণের সময় উৎপাদন বর্ষ, বীজের মেয়াদ উত্তীর্নের তারিখ ইত্যাদি প্যাকেটের গায়ে উল্লেখ থাকা প্রয়োজন। এছাড়া তিনি হাইব্রিড ধানের জাত নিবন্ধনের ক্ষেত্রে কার্যপত্রে উল্লেখিত ৩নং শর্তে বীজের গুণাগুণ পরীক্ষার নিমিত্তে Supplying কোম্পানীর সাথে হাইব্রিড ধান আমদানীকারক কোম্পানীর সম্পাদিত Memorandum of Understanding (MOU) বীজ প্রত্যয়ন এজেন্সীর নিকট সরবরাহের বিষয়টি কতটুকু যুক্তিযুক্ত এবিষয়ে সকলের দৃষ্টিপাত করলে সৈয়দ কামরুল হক, সহকারী বীজতত্ত্ববিদ, কৃষি মন্ত্রণালয় বলেন মূলত: আমদানীকারকের স্বার্থ সুরক্ষার জন্য ৩নং শর্তে MOU বিষয়টি অর্ন্তভূক্ত করা হয়েছে।

**সিদ্ধান্ত ঃ**

(ক) বায়ার ক্রপ সায়েন্স এর বায়ার হাইব্রিড ধান-৪ জাতটি বাংলাদেশের সকল অঞ্চলে সাময়িকভাবে ও শর্তসাপেক্ষে আমন মৌসুমে চাষাবাদের জন্য নিবন্ধনের অনুমোদন দেয়া হলো।

(খ) হাইব্রিড ধানের জাত বাজারজাতকরণের ক্ষেত্রে প্রচলিত শর্তসমূহ যাচাই-বাছাইসহ ফসলের উৎপাদন বর্ষ, বীজের প্যাকেটের গায়ে মেয়াদ উত্তীর্ণের তারিখ ইত্যাদি প্রচলিত বীজ বিধিমালার সাথে সমন্বয় করে জাতীয় বীজ বোর্ডের কারিগরী কমিটি পরীক্ষা-নিরীক্ষাপূর্বক পরবর্তী সভায় উপস্থাপন করবে। (দায়িত্ব ঃ জাতীয় বীজ বোর্ডের টেকনিক্যাল কমিটি)।

**আলোচ্য সূচী-৪ ঃ সুগন্ধি ধানের জাত মূল্যায়নের জন্য চেক জাত নির্বাচন :**

**আলোচনা :** জনাব আনোয়ার ফারুক, সদস্য-সচিব, জাতীয় বীজ বোর্ড ও অতিরিক্ত সচিব, মহাপরিচালক, বীজ উইং, কৃষি মন্ত্রণালয় বলেন, সুগন্ধি জাতের ধান বিশেষ বৈশিষ্ট্য সম্পন্ন। ফলে সুগন্ধি জাতের ট্রায়ালের ক্ষেত্রে সুগন্ধি চেকজাত দেয়া প্রয়োজন। এ পরিপ্রেক্ষিতে আমন মৌসুমে সুগন্ধি হাইব্রিড ধানের জাত মূল্যায়নকালে ব্রিধান ৩৪ অথবা বিনা ধান-১৩ এবং বোরো মৌসুমে ব্রি ধান ৫০ চেক জাত হিসেবে ব্যবহারের অনুমোদন প্রদানের জন্য টেকনিক্যাল কমিটি জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করেছে।

সভায় ড. মো: ময়নুল হক, অধ্যাপক, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় বলেন, আমন মৌসুমের ট্রায়ালের জন্য বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় থেকে বীজ প্রত্যয়ন প্রজেন্সীর নিকট সুগন্ধি বৈশিষ্ট্যের BU Hybrid ধান-১ নামক যে জাত দেয়া হয়েছিলো সেটিকে সুগন্ধি আমন জাতের সাথে তুলনা করা হয়নি বিধায় একমাত্র চেক জাতের কারণে অনষ্টেশন এবং অনফার্ম থেকে কাংক্ষিত ফলাফল পাওয়া যায়নি। আমাদের দেশে এখনও পর্যন্ত আমন মৌসুমের কোন সুগন্ধি হাইব্রিড ধানের জাত নেই এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় এর আমন মৌসুমের সুগন্ধি জাতটির (BU Hybrid ধান-১) সাথে সঠিক চেক জাত দ্বারা তুলনা করা হয়নি বিধায় অনষ্টেশন এবং অনফার্ম- এর প্রাপ্ত ফলাফলকে সঠিক ধরে দ্বিতীয় বছরের জন্য ট্রায়াল করার জন্য সভায় আলোচনা হয়।

সিদ্ধান্ত :

(ক) আমন মৌসুমে সুগন্ধি হাইব্রিড ধানের মূল্যায়নকালে ব্রিধান ৩৪ অথবা বিনা ধান-১৩ এবং বোরো মৌসুমে ব্রি ধান ৫০ চেক জাত হিসেবে ব্যবহারের অনুমোদন দেয়া হলো। এছাড়া জীবনকালের সাথে জীবনকাল, ফলনের সাথে ফলন, মৌসুমের সাথে মৌসুম, দানার আকার-আকৃতির সাথে আকার-আকৃতি ইত্যাদি গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্যের সামঞ্জস্যতা রেখে চেক জাত নির্বাচন করতে হবে (দায়িত্ব : ব্রি এবং এসসিএ)।

(খ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় এর উদ্ভাবিত আমন মৌসুমের সুগন্ধি জাতটির (BU Hybrid ধান-১) সাথে সঠিক চেক জাতের সাথে তুলনা না করায় অনস্টেশন এবং অনফার্ম ট্রায়ালের প্রথম বছরে প্রাপ্ত ফলাফলকে বিবেচনায় নিতে হবে। আমন মৌসুমের সুগন্ধি জাতের ট্রায়ালের জন্য ব্রিধান-৩৪ / বিনাধান-১৩ জাতকে চেক জাত হিসেবে ব্যবহার করতে হবে।

**আলোচ্য সূচী-৪ ঃ মেস্তা ও কেনাফ ফসলের ডিইউএস টেস্ট পদ্ধতি অনুমোদন :**

আলোচনা : জনাব আনোয়ার ফারুক, সদস্য-সচিব ও অতিরিক্ত সচিব, মহাপরিচালক, বীজ উইং, কৃষি মন্ত্রণালয় বলেন যে, ইতোপূর্বে নোটিফাইড ফসল ধান, গম, পাট ও আলু এর ডিইউএস টেষ্ট পদ্ধতি জাতীয় বীজ বোর্ডে অনুমোদিত হয়েছে। মেস্তা ও কেনাফ ফসলের ডিইউএস টেস্ট পদ্ধতির অনুমোদন দেয়া প্রয়োজন। তাই টেকনিক্যাল কমিটি মেস্তা ও কেনাফ ফসলের ডিইউএস টেস্ট পদ্ধতিটির (খসড়া) D: Characters এর ৩নং ক্রমিকK Leaf shape এর Stages data collection অংশে সংশোধনীসহ অনুমোদনের জন্য জাতীয় বীজ বোর্ডের নিকট সুপারিশ করেছে।

এপর্যায়ে সৈয়দ কামরুল হক, সহকারী বীজতত্ত্ববিদ, কৃষি মন্ত্রণালয় বলেন, জাতীয় বীজ বোর্ডের টেকনিক্যাল কমিটির ৭৮তম সভা অনুষ্ঠিত হয়েছে গত ১৮/১২/২০১৪ খ্রি: তারিখে অথচ উক্ত সভার কার্যবিবরণী গত ৩১-১২-১৪ খ্রিঃ তারিখে পাওয়া গেলেও সার্পোটিং পেপারস পাওয়া গেছে আজকে (০৫/০১/২০১৫)। তাই মেস্তা ও কেনাফ ফসলের ডিইউএস টেস্ট পদ্ধতির বিষয়ের টেকনিক্যাল বিষয়সমূহ পরীক্ষা-নিরীক্ষা করা সম্ভব হয়নি।

**সিদ্ধান্ত :**

**(ক)** বীজ প্রত্যয়ন এজেন্সী ও বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট পরবর্তী সভায় মেস্তা ও কেনাফ ফসলের প্রণীত ডিইউএস টেস্ট পদ্ধতির উপর একটি power point উপস্থাপন করবে।

**(খ)** সংশ্লিষ্ট কমিটি অথবা প্রতিষ্ঠানে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী তিন কর্ম দিবসের মধ্যে প্রণয়ন করে সদস্যদের নিকট প্রেরণ করতে হবে।

**আলোচ্য সূচী-৫ ঃ** অনস্টেশন এবং অনফার্ম উভয় ক্ষেত্রে একই বছরে একের অধিক মৌসুমে ট্রায়ালকৃত হাইব্রিড ধান জাত ছাড়করণ অথবা নিবন্ধন করার ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণ।

**আলোচনা :** সভায় সদস্য-সচিব বলেন, চীন থেকে আমদানীকৃত বিএডিসির তিনটি জাত একই বছরের আমন এবং বোরো উভয় মৌসুমের ট্রায়ালের ফলাফল ভালো পাওয়া গেছে। বিএডিসির জনাব মোঃ আজিজুল হক, মহাব্যবস্থাপক (বীজ) ২০১২-১৩ আমন ও বোরো মৌসুমে এবং ২০১৩-১৪ আমন মৌসুমে বিএডিসির ৪/৫টি খামারে নিজেদের তত্ত্বাবধানে হাইব্রিড ধানের MJ0031, MJ0031 এবং MJ0031 নামক তিনটি জাতের ট্রায়াল সংক্রান্ত প্রতিবেদন power point এর মাধ্যমে উপস্থাপন করেন। জনাব মো: আজিম উদ্দিন, প্রধান বীজতত্ত্ববিদ, কৃষি মন্ত্রণালয় বলেন, দেশে মোট আবাদি জমির প্রায় ৪৮.৫০% জমিতে আমন ফসল চাষাবাদ করা হয়। অথচ ৪২% জমিতে বোরো চাষ করা হলেও বোরোর তুলনায় আমনের ফলনশীলতা কম। বিএডিসি প্রস্তাবিত হাইব্রিড জাতগুলোর ফলন এপর্যন্ত আমন মৌসুমের জন্য নিবন্ধিত ১০ (দশ) টি জাতের তুলনায় অনেক ভালো। স্বল্পকাল জীবনসম্পন্ন যা ১০৫-১১০ দিনে পরিপক্কতা লাভ করে, যা বিএডিসির খামার ও বীজ প্রত্যয়ন এজেন্সীর ট্রায়ালে প্রমাণিত হয়েছে।

সভায় সৈয়দ কামরুল হক, সহকারী বীজতত্ত্ববিদ, কৃষি মন্ত্রণালয় বলেন, বীজ প্রত্যয়ন থেকে ৬টি অঞ্চলের মধ্যে একটি অঞ্চল ব্যতীত ৫টি অঞ্চলের প্রাপ্ত তথ্য-উপাত্ত পর্যালোচনা করে দেখা গেছে যে, জাত তিনটির (MJ0031, MJ0031 এবং MJ0031) আমন মৌসুমের গড় ফলন প্রায় ৬ মে. টন এবং বোরো মৌসুমের গড় ফলন প্রায় ৯ মে: টন। জনাব জীবন কৃষ্ণ বিশ্বাস, মহাপরিচালক, বিআরআরআই বলেন, আমাদের দেশে আমন মৌসুমে এ ধরনের ফলন একটি মিরাকল। তাই এ জাতীয় হাইব্রিড আমন ধানের নিবন্ধন দেয়া দরকার। এছাড়া সভায় আলোচনা হয় যে, ৬টি অঞ্চলের ট্রায়ালের মধ্যে যদি কোন অঞ্চলের ফলাফল পরিচর্যার কারণে অস্বাভাবিকভাবে ব্যতিক্রম হলে উক্ত অঞ্চলের ফলাফল গণ্য করা যাবে না এবং এধরণের অস্বাভাবিক অসামঞ্জস্যতার জন্য সংশ্লিষ্ট অঞ্চলের দায়ী কর্মকর্তার বিরুদ্ধে কর্তব্যে অবহেলার জন্য ব্যবস্থা নিতে হবে।

সিদ্ধান্ত :

(ক) বিএডিসির প্রস্তাবিত (MJ0031), (MJ0032) এবং (MJ0033) জাতের F1 হাইব্রিড ধান বীজ মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে চাষি পর্যায়ে পরীক্ষা-নিরীক্ষা এবং চাষাবাদ সম্প্রসারণের লক্ষ্যে সীমিত পরিমাণে আমদানি এবং উৎপাদন করা যাবে।

(খ) বিএডিসির প্রস্তাবিত (MJ0031), (MJ0032) এবং (MJ0033) জাতের নিজস্ব খামারে পরীক্ষামূলকভাবে উৎপাদিত হাইব্রিড ধান বীজ কৃষক পর্যায়ে বিতরণ ও সম্প্রসারণের জন্য প্রদর্শনীর ব্যবস্থা করতে পারবে।

(গ) চলতি বোরো মৌসুমে DUS পরীক্ষার ফলাফলের উপর ভিত্তি করে গত বছর এবং এ বছরের ফলাফলের গড় ফলন চেক জাতের চেয়ে ২০% বেশী হলে বিএডিসির প্রস্তাবিত জাত তিনটি বোরো মৌসুমের জন্য নিবন্ধন করা যেতে পারে। অনুরূপভাবে গত এবং আগামী আমন মৌসুমে ট্রায়ালের ২ বছরের গড় ফলনের উপর ভিত্তি করে প্রস্তাবিত জাত তিনটি আমন মৌসুমেও চাষাবাদের জন্য বিবেচনা করা যেতে পারে।

সভায় জাতীয় বীজ বোর্ডের সদস্য-সচিব ও অতিরিক্ত সচিব জনাব আনোয়ার ফারুক বলেন, বর্তমান কৃষি সচিব ও জাতীয় বীজ বোর্ডের সভাপতি ড. এস এম নাজমুল ইসলাম মহোদয়ের আগামী ০৭-০১-২০১৫ খ্রিঃ তারিখ বুধবার শেষ কর্মদিবস। তিনি মন্ত্রণালয়ের দায়িত্ব নেয়ার পর জাতীয় বীজ বোর্ড এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কার্যক্রম অত্যন্ত দক্ষতার সহিত সম্পাদন করেছেন। বীজ বোর্ডের পক্ষ থেকে সচিব মহোদয় ও তাঁর পরিবারের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করা হয়। জাতীয় বীজ বোর্ডের সভাপতি ও সচিব মন্ত্রণালয়ের কাজে সহযোগিতা এবং তাঁর কার্যকালে উল্লেখযোগ্য সংখ্যক জাত উদ্ভাবন, নিবন্ধন ও ছাড়করণের জন্য উপস্থিত সকলকে ধন্যবাদ জানান এবং সকলের দোয়া কামনা করেন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত ঘোষণা করেন।

৭.১.১৫

(ড. এস এম নাজমুল ইসলাম)
সচিব
কৃষি মন্ত্রণালয়।

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বীজ উইং, কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
www.moa.gov.bd

## জাতীয় বীজ বোর্ডের ৮৪তম সভায় উপস্থিত কর্মকর্তা/প্রতিনিধিগণের স্বাক্ষরের তালিকা

বিষয় ঃ জাতীয় বীজ বোর্ডের ৮৪তম সভা
তারিখ ঃ ০৫-০১-২০১৪ খ্রিঃ, সময় ঃ অপরাহ্ণ ০২.০০ ঘটিকা
স্থান ঃ সম্মেলন কক্ষ, কৃষি মন্ত্রণালয়
সভাপতি ঃ ড. এস এম নাজমুল ইসলাম, সচিব, কৃষি মন্ত্রণালয়

| ক্রঃ নং | নাম | পদবী ও প্রতিষ্ঠানের নাম | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | | | | |
| ২ | মো: রমজান আলী | উপ-মহাব্যবস্থাপক (বীজ ও উদ্যান) বি.এ.ডি.সি | [signature] 01711589183 | [signature] |
| ৩ | জীবন কৃষ্ণ বিশ্বাস | মহাপরিচালক বীজ প্রত্যয়ন এজেন্সি | [signature] ৫/১/১৫ 01711980349 biswas.jiban@gmail.com | [signature] ৫/১/১৫ |
| ৪ | মো: খাজিম উদ্দিন | প্রধান বীজতত্ত্ববিদ কৃষি মন্ত্রণালয় | [signature] 01556341143 | [signature] ০৫/১/১৫ |
| ৫ | ড. মো: [illegible] | অধ্যাপক [illegible] কৃষি বিশ্ববিদ্যালয় | 01711-908640 | [signature] |
| ৬ | Md. Shahjahan | Advisor Petrochem (Bangladesh) Ltd. | 01730013391 shahjahan@petrochembd.com allielmsali@yahoo.com | [signature] 5/1/2015 |
| ৭ | Mohammad Khalequzzaman | CSO, BRRI | 01715752595 | [signature] 5/1/2015 |
| ৮ | মো: [illegible] | [illegible] বিএডিসি | 01911 [illegible] | [signature] ০৫/১/১৫ |
| ৯ | আশুতোষ লাহিড়ী | মুখ্য পরিচালক (বীজ উদ্যান) বিএডিসি | 01711848016 | [signature] |



P.T.O

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | মো: গোলাম কিবরিয়া | প্রকল্প পরিচালক (চলতি) বিএডিসি, ঢাকা | ০১৭১২৫৮০২৬৩ | ০৫/৩/২৫ |
| ১১ | [illegible] | নির্বাহী পরিচালক, [illegible], ঢাকা | ০১৭৭১২৮১৮০৫ | |
| ১২ | [illegible] | সম্পাদক [illegible] | | |
| ১৩ | ড. মু. [illegible] রহমান | মহাপরিচালক (অঃ) [illegible] | ০১৭১১৫৫০৭৭৮ | |
| ১৪ | ড. মোঃ [illegible] | নির্বাহী পরিচালক (অঃ) [illegible] | ০১৭১১০২০১৯৮ | ০৫/৩/২৫ |
| ১৫ | মোহাম্মদ আব্দুল [illegible] খান | [illegible] | ০১৭১৬০০৭৫৮১ | |
| ১৬ | ড. মো. [illegible] হোসেন | DD (Seed Regulation) SCA, Gazipur | 01199182324 | |
| ১৭ | মো: [illegible] আলী | Director, SCA | 01718708489 | |
| ১৮ | [illegible] আকবর | MD GBK | 01819219705 | |
| ১৯ | ড. মো: [illegible] | মহাপরিচালক (রুটিন) [illegible] | 01720620621 | |
| ২০ | ড. [illegible] | নির্বাহী চেয়ারম্যান কৃষি [illegible] | ০১৭১২১০৯৫২ | ৫/৩/২০২৫ |
| ২১ | ড. মো: [illegible] উদ্দিন | মহাপরিচালক [illegible] | 01713118907 | ০৫/০৩/২৫ |
| ২২ | মো: [illegible] ইসলাম [illegible] | চেয়ারম্যান বিএডিসি | ০১৭৩৫২৬৩৬৯১ | ৫.৩.২৫ |
| ২৩ | প্রফেসর ড. মো: [illegible] | ভি.সি., [illegible] | 01714748790 | |



PTO

| | | | | |
|---|---|---|---|---|
| ২৪ | এ.কে.এম. মমতাজুল করিম | অতিঃ পরিচালক কৃষি সম্প্রসারণ অধিঃ | 01712222536 | [signature] ০৫/১/১৮ইং |
| ২৫ | | | | |
| ২৬ | | | | |
| ২৭ | | | | |
| ২৮ | | | | |
| ২৯ | | | | |
| ৩০ | | | | |
| ৩১ | | | | |
| ৩২ | | | | |
| ৩৩ | | | | |
| ৩৪ | | | | |
| ৩৫ | | | | |
| ৩৬ | | | | |